



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

: নোটিশ :

স্মারক নং-রাশিবো/০১/কনি-৩য় খন্ড-৪র্থ/২১৬

তারিখ : ০৬ অক্টোবর ২০২৪খ্রি.

বিষয়: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিভাগ ও বিষয় পরিবর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের (বর্তমানে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত) বিভাগ ও বিষয় পরিবর্তন অনলাইনের মাধ্যমে আগামী ১৪/১০/২০২৪ খ্রি. তারিখ হতে ৩১/১০/২০২৪ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে অনুমোদিত বিভাগ ও বিষয়ে আসন সংখ্যা ফাঁকা থাকা সাপেক্ষে পরিবর্তন করা যাবে। বিভাগ পরিবর্তন ফি ৫০০/- এবং বিষয় পরিবর্তন ফি ২৫০/- টাকা। বিভাগ ও বিষয় পরিবর্তন কার্যক্রম সম্পন্ন করার জন্য www.rajshahieducationboard.gov.bd-এ “ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল/বিভাগ পরিবর্তন/বিষয় পরিবর্তন” লিংকে প্রদত্ত নির্দেশিকা অনুসরণ পূর্বক অনলাইনে তথ্য প্রদান (Submit) ও সোনালী সেবার স্লিপ ডাউনলোড করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফিস জমা দিতে হবে। বিঃদ্র: অনলাইনের মাধ্যমে পরিবর্তন কপিসহ হার্ডকপি ও নম্বরপত্রের ফটোকপি সোনালী সেবার মাধ্যমে জমাদানকৃত ব্যাংকের টাকার রশিদ কলেজ নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

সংযুক্তি

১। বিভাগ ও বিষয় পরিবর্তনের নির্দেশিকা

চেয়ারম্যানের আদেশক্রমে

(মো: এনামুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন : ০২৫৮৮৮৫৫৯৬৩

প্রাপক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং-রাশিবো/০১/কনি-৩য় খন্ড-৪র্থ/(০২)/২১৬

তারিখ : ০৬ অক্টোবর ২০২৪খ্রি.

অনুলিপি অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য প্রেরিত হ'ল :

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ: দা:), রাজশাহী শিক্ষা বোর্ড (ওয়েবসাইট খুলে দেয়ার অনুরোধসহ)।

২। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

রাজশাহী